



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজকল্যাণ মন্ত্রণালয়  
সমাজসেবা অধিদপ্তর  
সমাজসেবা অফিসারের কার্যালয়  
সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, ঢাকা  
website:dss.tejgaoncircle.dhaka.gov.bd



স্মারক নম্বর: ৪১.০১.২৬০০.০০০.০০০.২৭.০০০১.২৫.৯১

তারিখ: ৮ আষাঢ় ১৪৩৩  
২২ জুন ২০২৬

বিষয়: তদন্ত কার্যক্রমের স্বার্থে আর্থিক লেনদেন সংক্রান্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ১। জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা-এর স্মারক নং-৪১.০১.২৬০০.০০০.২৮.০৪৮২.০১.৬৩৬; তারিখ: ২৮/০৫/২০২৬ খ্রি।

২। সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, ঢাকা-এর স্মারক নং-৪১.০১.২৬০০.০০০.০০০.২৭.০০০১.২৫.৭৯; তারিখ: ০৩/০৬/২০২৬ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “বাংলাদেশ সেন্টার ফর ওয়ার্কাস সলিডারিটি” এর অনুমোদিত কার্যনির্বাহী পরিষদের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের বিষয়ে গঠিত তদন্ত কার্যক্রমের অংশ হিসেবে গত ০৯ জুন ২০২৬ খ্রিস্টাব্দ তারিখে সরেজমিন তদন্ত কার্যক্রম সম্পন্ন করা হয়।

উক্ত তদন্ত চলাকালে সংশ্লিষ্ট পক্ষ কর্তৃক প্রতিষ্ঠানের আর্থিক লেনদেন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি তদন্তকারী কর্মকর্তার কার্যালয়ে প্রেরণের বিষয়ে অঙ্গীকার ব্যক্ত করা হয়। বিশেষত, ০১ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ হতে ২০ জুন ২০২৬ খ্রিস্টাব্দ পর্যন্ত সময়ের প্রতিষ্ঠানের সকল প্রকার আর্থিক লেনদেনের পূর্ণাঙ্গ বিবরণ, যথা— সকল ব্যাংক হিসাবের (মাদার অ্যাকাউন্ট ও চাইল্ড অ্যাকাউন্টসহ) হালনাগাদ বিবরণী ও ব্যাংক স্টেটমেন্ট, নগদ লেনদেনের হিসাব, ক্যাশ বই, লেজার বই, জার্নাল ভাউচার, গ্রহণ ও পরিশোধ ভাউচার, বিল-ভাউচার, রসিদ বই, অনুমোদিত বাজেট, আয়-ব্যয়ের হিসাব বিবরণী, নিরীক্ষা প্রতিবেদন, হিসাব পরিচালনা ও অর্থ অনুমোদনসংক্রান্ত সিদ্ধান্ত/কার্যবিবরণী, দাতা সংস্থা হতে প্রাপ্ত ও ব্যয়কৃত অর্থের হিসাব, প্রকল্পভিত্তিক আর্থিক বিবরণী, স্থায়ী সম্পদ ক্রয়-বিক্রয় সংক্রান্ত দলিলাদি এবং আর্থিক লেনদেনের সহায়ক অন্যান্য প্রাসঙ্গিক রেকর্ডপত্র দাখিলের বিষয়ে সম্মতি জ্ঞাপন করা হয়। দুঃখজনকভাবে, অদ্যাবধি উক্ত তথ্যাদি ও কাগজপত্র প্রাপ্ত না হওয়ায় তদন্ত কার্যক্রমের অগ্রগতি ব্যাহত হচ্ছে এবং অভিযোগের বিষয়ে বস্তুনিষ্ঠ, নিরপেক্ষ ও গ্রহণযোগ্য সিদ্ধান্ত গ্রহণে প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায়, তদন্তের স্বচ্ছতা, পূর্ণতা ও নিরপেক্ষতা নিশ্চিতকরণের স্বার্থে উপরোল্লিখিত সকল তথ্যাদি ও সংশ্লিষ্ট রেকর্ডপত্র আগামী ২৫ জুন ২০২৬ খ্রিস্টাব্দের মধ্যে অফিস চলাকালীন সময়ে তদন্তকারী কর্মকর্তার কার্যালয়ে যথাযথভাবে দাখিল/প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বিশেষভাবে উল্লেখ্য যে, তদন্ত কার্যক্রমের স্বচ্ছতা, পূর্ণতা ও গ্রহণযোগ্যতা নিশ্চিত করার স্বার্থে নির্ধারিত সময়ের মধ্যে চাহিত তথ্যাদি দাখিল করা একান্তভাবে প্রত্যাশিত। অন্যথায়, তদন্ত কমিটি প্রাপ্ত তথ্য-উপাত্ত, বিদ্যমান রেকর্ডপত্র এবং প্রয়োজ্য বিধি-বিধানের

আলোকে তদন্ত প্রতিবেদন প্রণয়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। এ অবস্থায়, নির্ধারিত সময়ে চাহিত তথ্যাদি উপস্থাপন না করার ফলে পরবর্তীকালে উদ্ভূত কোনো ব্যাখ্যা, আপত্তি বা প্রক্রিয়াগত বিষয় বিবেচনার ক্ষেত্রে সংশ্লিষ্ট পক্ষের অবস্থান সীমাবদ্ধ হতে পারে।

২২-০৬-২০২৬  
ইনসান আলী  
সমাজসেবা অফিসার

সভাপতি/সাধারণ সম্পাদক  
বাংলাদেশ সেন্টার ফর ওয়ার্কাস সলিডারিটি, পশ্চিম রামপুরা, ঢাকা।।

স্মারক নম্বর: ৪১.০১.২৬০০.০০০.০০০.২৭.০০০১.২৫.৯১/১ (৬)

তারিখ: ৮ আষাঢ় ১৪৩৩  
২২ জুন ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। উপ পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।
- ২। সহকারী পরিচালক, উপপরিচালকের দপ্তর, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।
- ৩। সহকারী পরিচালক (চলতি দায়িত্ব), প্রশাসন ও অর্থ ও প্রতিষ্ঠান শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।
- ৪। ফিল্ড সুপারভাইজার (চলতি দায়িত্ব), প্রশাসন ও অর্থ ও প্রতিষ্ঠান শাখা, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা।
- ৫। জনাব আলোয়া আক্তার, অর্থ সম্পাদক, বাংলাদেশ সেন্টার ফর ওয়ার্কাস সলিডারিটি, রামপুরা, ঢাকা। (পত্রের মর্মার্থ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৬। জনাব বাবুল আখতার, প্রতিষ্ঠাতা সদস্য, বাংলাদেশ সেন্টার ফর ওয়ার্কাস সলিডারিটি, পশ্চিম রামপুরা, ঢাকা। (পত্রের মর্মার্থ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।



২২-০৬-২০২৬  
ইনসান আলী  
সমাজসেবা অফিসার